

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩১টি প্রতিষ্ঠানকে ২.০৯ লক্ষ টাকা জরিমানা

২১ এপ্রিল ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৯ জন কর্মকর্তার নেতৃত্বে শেরপুর, নারায়নগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, সিরাজগঞ্জ, জয়পুরহাট, রংপুর, সিলেট ও হবিগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগর ও পাহাড়তলী থানায় ৩টি প্রতিষ্ঠানকে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহী সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা, নারায়নগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়নগঞ্জের ফতুল্লা থানায় ২টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে সিরাজগঞ্জ সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নুরুজ্জামানের নেতৃত্বে শেরপুরের নকলা উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, জয়পুরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে জয়পুরহাট সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে সিলেটের বিয়ানিবাজার উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা এবং হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও অভিযোগের ভিত্তিতে ১টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,০০০/- (এক হাজার) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়। অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় ও পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৯টি বাজার তদারকিতে ৩১টি প্রতিষ্ঠানকে মোট ২,০৯,০০০/- (দুই লক্ষ নয় হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ১ জন অভিযোগকারীকে মং ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হয়। এছাড়া গত ২০ এপ্রিল ২০১৬ তারিখে রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ীর কালুখালী উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, কৃষি কর্মকর্তা, স্যানিটোরী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতি ও ক্যাভ এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যা ব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট ও রংপুর।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, শেরপুর, নারায়নগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, সিরাজগঞ্জ, জয়পুরহাট, রংপুর, সিলেট ও হবিগঞ্জ।
- ৬। পুলিশ সুপার, শেরপুর, নারায়নগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, সিরাজগঞ্জ, জয়পুরহাট, রংপুর, সিলেট ও হবিগঞ্জ।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।